

## প্রেস রিলিজ

১২ অক্টোবর ২০২২

### “দুর্যোগ ব্যবস্থাপনায় স্মার্টফোন টেকনোলজির মাধ্যমে সচেতনতা বৃদ্ধি সম্ভব

বাউবি উপাচার্য

স্মার্টফোন টেকনোলজি ব্যবহার করে দুর্যোগ ঝুঁকি বিষয়ক মোবাইল অ্যাপস এর মাধ্যমে সচেতনতা বৃদ্ধি করা সম্ভব। আন্তর্জাতিক দুর্যোগ ঝুঁকি হ্রাস দিবস ২০২২ উপলক্ষ্যে Gender Responsive Resilience and Intersectionality in Policy and Practice (GRRIPP) South Asia আয়োজিত “দুর্যোগে সতর্কবার্তা সবার জন্য কার্যব্যবস্থা” শীর্ষক অনুষ্ঠানে আজ ১২ অক্টোবর ২০২২ বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার প্রধান প্রধান অতিথির বক্তবে এ কথা বলেন। তিনি আরো বলেন দুর্যোগ ব্যবস্থাপনার ক্ষেত্রে সর্বপ্রথম ঝুঁকি শনাক্তকরণ এবং সর্বস্তরের মানুষের জন্য বোধগম্য উপায়ে আগাম সতর্কতা নিশ্চিতকরণ প্রয়োজন। গতানুগতিক ধারার বাইরে গিয়ে বিকল্প পদ্ধতির আগাম সতর্কতা বার্তা প্রচার ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। মোবাইল অ্যাপস এ ডিজাস্টার সিমুলেশন পদ্ধতির গেইম চালু করে স্মার্টফোন ব্যবহারকারীদের মধ্যে দুর্যোগ ঝুঁকি এড়ানোর বিষয়ে সচেতনতা সৃষ্টি সম্ভব।




অনুষ্ঠানে স্বাগত বক্তব্য এবং দুর্যোগে সতর্কবার্তা সবার জন্য কার্যব্যবস্থার বিভিন্ন দিক তুলে ধরে বাউবির প্রো-উপাচার্য (শিক্ষা) ও GRRIPP রিজিওনাল লিড প্রফেসর ড. মাহবুবা নাসরীন বলেন "গ্রিপ একটি আন্তর্জাতিক গবেষণা প্রকল্প, যা বিভিন্ন সময়ে দক্ষিণ এশিয়ায় জেডার, ডিজাস্টার, ইন্টারসেকশনালিটি এবং দুর্যোগ ঝুঁকি ব্যবস্থাপনা বিষয়ে কাজ করছে। দক্ষিণ এশিয়ায় নেপাল, শ্রীলংকা, ভারত, বাংলাদেশ সহ বিভিন্ন দেশের উন্নয়নের লক্ষ্যে গ্রিপ সাতটি প্রজেক্ট নিয়ে কাজ করে যাচ্ছে। দুর্যোগ ঝুঁকি হ্রাস এবং সার্বজনীন আগাম সতর্কতা প্রচারের ক্ষেত্রে আমাদের জেডার এর উর্ধ্বে গিয়ে চিন্তা করতে হবে উল্লেখ করেন।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইডিএমভিএস এর ভারপ্রাপ্ত পরিচালক ড. দিলারা জাহিদ এর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন এমএস দিলরুবা হায়দার, প্রোগ্রাম ম্পেশালিস্ট, ক্লাইমেট চেঞ্জ, ডি আর আর এন্ড হিউমেনিটারিয়ান একশন, ইউএন ওমেন বাংলাদেশ এন্ড মেম্বার GRRIPP রিজিওনাল এডভাইজরি বোর্ড।

অনুষ্ঠানে আলোচনায় অংশ নেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের উপ-সচিব ও সাইক্লোন প্রস্তুতি প্রোগ্রামের পরিচালক আহমাদুল হক, ঢাকা ওয়াসার উপ ব্যবস্থাপনা পরিচালক ড. মো: মিজানুর রহমান এবং সেন্টার ফর ডিজগ্র্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি) এর কো-অর্ডিনেটর সুবির কুমার শাহা।

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের মিডিয়া বিভাগের সহযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা সম্পর্কে একটি ভিডিও ডকুমেন্টরি প্রদর্শন করা হয়। অনুষ্ঠানে ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইনস্টিটিউট অব ডিজাস্টার ম্যানেজমেন্ট এন্ড ভালনারাবিলিটি স্টাডিজ বিভাগের শিক্ষক, শিক্ষার্থী এবং বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ে শিক্ষক ও কর্মকর্তাগণ অংশ নেন।



ড. আ.ফ.ম মেজবাহ উদ্দিন  
পরিচালক (ভারপ্রাপ্ত)